



স্মারক: ৩৭.০২.০০০০.১০৯.৫০.০৫৮.২০২১-৬৮৫

তারিখ: ১৬/০২/২০২২ খ্রি.

বিষয় : মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহের Institutional Self-Assessment Summary (ISAS) এর ডাটা Online এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর তত্ত্বাবধানে মাধ্যমিক বিদ্যালয়সমূহের Institutional Self-Assessment Summary (ISAS)-২০২১ সালের প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন (ISAS) প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে বর্ণিত কার্যক্রম নিম্নোক্ত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

ISAS-২০২১ এর সময়সীমা পরিকল্পনা :

ক্রম	কার্যক্রম	নির্ধারিত তারিখ
১	প্রতিষ্ঠান কর্তৃক ISAS ফরম EMIS এর পিবিএম মডিউলে Online এন্ট্রি সম্পন্নকরণ ও উপজেলা পর্যায়ে দাখিল।	০১/০৩/২০২২ থেকে ১৫/০৩/২০২২ খ্রি. পর্যন্ত
২	প্রতিষ্ঠান কর্তৃক Online-এ এন্ট্রিকৃত ISAS ডাটা থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক Online-এ যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সংশোধনী সম্পন্নকরণ এবং জেলা শিক্ষা অফিসে দাখিল।	১৬/০৩/২০২২ থেকে ২৫/০৩/২০২২ খ্রি. পর্যন্ত
৩	জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক জেলার সকল থানা/উপজেলা থেকে Online-এ প্রাপ্ত ISAS তথ্যসমূহ যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সংশোধনী সম্পন্নকরণ এবং চূড়ান্তভাবে দাখিল।	২৭/০৩/২০২২ থেকে ৩১/০৩/২০২২ খ্রি. পর্যন্ত

প্রয়োজনীয় নির্দেশনাবলী :

- প্রতিষ্ঠান প্রধানকে Online এ ISAS ডাটা এন্ট্রির কাজে উপজেলা একাডেমিক সুপারভাইজারগণ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। Online এন্ট্রিকৃত ডাটা উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সংশোধনীর বিষয়টি থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিশ্চিত করবেন। জেলা শিক্ষা অফিসের সহকারি প্রোগ্রামার/গবেষণা কর্মকর্তা/সহকারি পরিদর্শক প্রতিষ্ঠান পর্যায়ে এন্ট্রিকৃত ও থানা/উপজেলা পর্যায়ে সংশোধিত Online তথ্যসমূহ যাচাই-বাছাই ও সংশোধনে জেলা শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- প্রতিষ্ঠান প্রধানগণ ম্যানেজিং কমিটি ও অন্যান্য শিক্ষকদের সাথে আলোচনাপূর্বক www.emis.gov.bd ওয়েবসাইটে IMS মডিউলের User Id (স্ব-স্ব প্রতিষ্ঠানের EIIN No.) ও Password ব্যবহার করে Log in করবেন। PBM মডিউলের ISAS-Data Entry (স্ব-মূল্যায়ন) অপশনে Online Data এন্ট্রি সম্পন্ন করে উপজেলায় Submit করবেন। User Id ও Password জনিত সমস্যার ক্ষেত্রে আঞ্চলিক পর্যায়ে কর্মরত প্রোগ্রামার এবং জেলা শিক্ষা অফিস ও আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সহকারি প্রোগ্রামারগণ এক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- জেলা শিক্ষা কর্মকর্তা প্রতিষ্ঠান, থানা/উপজেলা ও জেলা পর্যায়ে বর্ণিত সামগ্রিক কার্যক্রম সমন্বয় করবেন।
- প্রতিষ্ঠান প্রধানগণ www.emis.gov.bd ওয়েবসাইটের Notice Board এর User Manual-এর ৪ নং ক্রমিকে ISAS-Data Entry সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করবেন।

এমতাবস্থায়, মাধ্যমিক বিদ্যালয়সমূহের Institutional Self-Assessment Summary (ISAS) এর ডাটা Online এন্ট্রি কার্যক্রম উল্লিখিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(প্রফেসর হুসেইন আহমেদ)
মহাপরিচালক

বিতরণ:

- জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
দৃষ্টি আকর্ষণ: সহকারি প্রোগ্রামার/গবেষণা কর্মকর্তা/ সহকারি পরিদর্শক
- থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল থানা/উপজেলা)
দৃষ্টি আকর্ষণ: উপজেলা একাডেমিক সুপারভাইজার
- প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠান)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- সচিব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন
- পরিচালক (কেলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/মনিটরিং ও ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রামার ও সহকারি প্রোগ্রামার)
- উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (“মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক প্রতিষ্ঠানসমূহের Institutional Self-Assessment Summary (ISAS) এর ডাটা Online এন্ট্রিকরণ সংক্রান্ত” শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
- শিক্ষা পরিসংখ্যানবিদ, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- সংরক্ষণ নথি।